

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

সেক্টার পয়েন্ট, প্লট নং ২৩-২৬, রোড নং ৪৬, গুলশান-২, ঢাকা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১০.০০০০.০০৪.৪৫.২০৪.১৭.২৯৩

তারিখঃ ১৬/১০/২০১৭খ্রিঃ

অফিস আদেশ

যেহেতু আপনি জনাব মোঃ বুলবুল আহমেদ, শ্রমিক/কর্মী, সম্পত্তি বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে কর্মরত আছেন;

যেহেতু আপনার বিরুদ্ধে প্রতারনামূলকভাবে রোড মার্ক লাগিয়ে ২টি ডেবিট ভাউচারের মাধ্যমে সর্বমোট ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা গ্রহণ করেছেন মর্মে শরীফ উদ্দিন আহমেদ, জেনারেল ম্যানেজার (অর্থ ও প্রশাসন) মান্যভর বাংলাদেশ, ঢাকা, বাংলাদেশ কর্তৃক অভিযোগ উত্থাপিত হয়। আপনার এরূপ কার্যকলাপের ফলে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ভাবমূর্তি ও সুনাম ক্ষুণ্ণ হয়েছে;

যেহেতু উত্থাপিত অভিযোগের বিষয়ে তদন্তকারী কর্মকর্তা আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সত্য মর্মে প্রতিবেদন দাখিল করেছেন;

যেহেতু আপনার এরূপ কার্যকলাপ প্রচলিত আইন/বিধি অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। এ কারণে আপনাকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মে নিয়োজিত রাখা সমীচীন নয় বলে বিবেচিত হয়েছে;

সেহেতু আপনাকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের চাকুরী হতে চূড়ান্তভাবে কর্মচ্যুত করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-

১৬/১০/২০১৭খ্রিঃ

(দুলাল কৃষ্ণ সাহা)

সচিব(যুগ্মসচিব)

ফোনঃ ৮৮৩৪৯৩০

ফ্যাক্সঃ ৮৮৩৪৯৮৩

স্মারক নং-৪৬.১০.০০০০.০০৪.৪৫.২০৪.১৭.২৯৩

তারিখঃ ১৬/১০/২০১৭খ্রিঃ

অবগতির জন্য অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

০১। বিভাগীয় প্রধান (সংশ্লিষ্ট)-----, ডিএনসিসি।

০২। অঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট)-----, ডিএনসিসি।

০৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল (ডিএনসিসির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) ডিএনসিসি।

০৪। মেয়র মহোদয়ের একান্ত সচিব (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য) ডিএনসিসি।

০৫। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য) ডিএনসিসি।

০৬। সহকারী সচিব, সকল----- ডিএনসিসি।

০৭। সচিবের ব্যক্তিগত সহকারী, ডিএনসিসি।

০৮। অফিস কপি।

ইম্যান আলী
২৫/১০/১৭
(মোঃ ইম্যান আলী)

সহকারী সচিব

সংস্থাপন শাখা-১

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।